

# রিনিউয়েবল এনার্জির ব্যবহার বাড়াতে বিনিয়োগের সিদ্ধান্তে এম্পিন এনার্জি ট্রানজিশন



কলকাতা : ভারতের অন্যতম পুনর্নবীকরণযোগ্য শক্তি স্থানান্তর সংস্থা এম্পিন এনার্জি ট্রানজিশন , ৩১০০ কোটি টাকার বিনিয়োগে ভারতের পূর্বাঞ্চলে উল্লেখযোগ্য প্রভাব ফেলতে চলেছে ৬০০ মেগাওয়াটের বেশি রিনিউয়েবল এনার্জি প্রকল্পের পাশাপাশি সোলার সেল ও মডিউল উৎপাদনের পরিকল্পনা করা হয়েছে। পশ্চিমবঙ্গ, বিহার, উড়িষ্যা, ঝাড়খণ্ড, ছত্তিশগড় এবং উত্তর-পূর্বের রাজ্যগুলিতে বিনিয়োগের পরিকল্পনা রয়েছে। এই অঞ্চলে কোম্পানির ২০০ মেগাওয়াটের বৃহত্তম সোলার ওপেন অ্যাক্সেস পোর্টফোলিও, সিইএসই-এর সঙ্গে ২৫০ মেগাওয়াটের উইন্ড-এয়ার হাইব্রিড প্রকল্প ও শিল্প গ্রাহকদের জন্য ১০.৫ মেগাওয়াটের বৃহত্তম মিটার ইন্ডাস্ট্রি- সোলার প্রকল্প রয়েছে। এম্পিন গ্রাহকদের ২৫-৪০ শতাংশ শক্তি সাশ্রয় ও কার্বন ফুটপ্রিন্ট কমাতেও সাহায্য করছে। কোম্পানিটি মার্কি গ্রাহকদের সিমেন্ট ও স্টিল, আইটি ও ডেটা সেন্টার, হেভি ইঞ্জিনিয়ারিং, এফএমসিজি, ইউটিলিটির মতো বিভিন্ন বিষয়ে পরিসেবা দেয়। এম্পিন -এর এমডি এবং সিইও পিনাকী ভট্টাচার্য বলেছেন ক্ষু এম্পিন যেকোনও গ্রাহককে ১০০ শতাংশ রিনিউয়েবল এনার্জি পেতে সহায়তা করে। গ্রীন এনার্জি ওপেন অ্যাক্সেসের মতো সঠিক নীতির মাধ্যমে এই প্রকল্প রূপায়ণ সম্ভব। ক্ষু এম্পিন উড়িষ্যায় একটি অত্যাধুনিক ১.৩ গিগাওয়াটের সৌরশক্তি উৎপাদনের ব্যবস্থা করেছে। এই ইউনিটটি চাকরির সুযোগ বাড়াবে, অর্থনৈতিক উন্নয়ন ও রিনিউয়েবল এনার্জি সেক্টর হিসেবে পূর্বাঞ্চলের গুরুত্ব বাড়াবে। এম্পিন বৃহস্পতিবার কলকাতায় শিল্প সংস্থা ফিকি -এর সঙ্গে পার্টনারশিপে সেমিনার করে। যেখানে সরকার, শিল্প, ফিন্যানশিয়ারি বিভিন্ন ক্ষেত্রের এনার্জি বিষয়ক বিশেষজ্ঞরা উপস্থিত ছিলেন। এম্পিন -এর পোর্টফোলিও দেশের ১৭টি রাজ্যে ছড়িয়ে রয়েছে। মুম্বই, ব্যাঙ্গালোর এবং কলকাতায় আঞ্চলিক অফিস ও নয়াদিল্লিতে সদর দপ্তর রয়েছে। এটি ইউরোপ, এশিয়া এবং উত্তর আমেরিকার শীর্ষস্থানীয় প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের সমর্থন পেয়েছে।